

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ৫, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২০শে আষাঢ় ১৪০৩/৪ঠা জুলাই ১৯৯৩

এস, আর, ও, নং ১২৫-আইন/৯৩/৭৪-মুসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০৩ বাংলা মোতাবেক ১০ই জুলাই, ১৯৯৩ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ১০২-আইন/৯৩/৬৪-মুসক এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-১ এর কলাম (১) এর—

- (ক) শিরোনাম সংখ্যা (Heading No.) ১৫-১১ এবং ১৫-১৮ এবং উহাদের বিপরীতে উল্লিখিত কলাম (২) ও (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহ; এবং
- (খ) শিরোনাম সংখ্যা (Heading No.) ৮৪-৬৯ এবং উহার বিপরীতে উল্লিখিত কলাম (২) ও (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

(২৩৫৭)

মুদ্রা: টাকা ২.০০

এস, আর, ও, নং ১২৬-আইন/৯৩/৭৫-মুদক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এ উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯৩ ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ১০৬-আইন/৯৩/৬৬-মুদক এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

(ক) টেবিলের কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ০৪'০১, ০৪'০৩, ০৪'০৪, ০৪'০৫ ও ০৪'০৬ এর বিপরীতে উল্লিখিত কলাম (১) এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“প্যাকেটকৃত তরল দুধ, ঘি, মাখন, পনির, মাঠা, সাধারণ দই (মিষ্টি দই ব্যতীত)।”

২। ‘এই আদেশ ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯৩ ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড: আকবর আলি খান

সচিব।

জাতীয় রাজস্ব বোর্ড

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ২০শে আষাঢ়, ১৪০০/৪ঠা জুলাই ১৯৯৩

এস, আর, ও, নং ১২৭-আইন/৯৩/৭৬-মুদক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড অত্র বোর্ডের ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাংলা মোতাবেক ১০ই জুন, ১৯৯৩ ইং তারিখের এস, আর, ও, নং ১০৭-আইন/৯৩/৭৫-মুদক এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত আদেশের অন্তর্গত নং (৪) ও (৫) এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মো: জহুরুল হক

প্রথম সচিব (মুদক)।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(সম্পূরক সূচক)

প্রজ্ঞাপনসমূহ

ঢাকা, ২০শে আঘাট, ১৪০০/৪ঠা জুলাই ১৯৯০

এস, আর, ও, নং ১২৮-আইন/৭৭/মুসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯০ ইং তারিখের এস, আর, ও, নং ১১০-আইন/৯৩/৭২-মুসক এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের শিরনামা সংখ্যা ৮৫'২৭ এবং উহার বিপরীতে বর্ণিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং উহার বিপরীতে বর্ণিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা :—

“৭১'০৮ ৭১০৮'১৩'০০ . গোল্ড ব্লিয়ান [কেবলমাত্র অপর্যটক ব্যাগেজ (আমদানি) বিধানালা, ১৯৯৩ এর আওতায় যাত্রী পিছু আমদানিবোধ্য পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য]”

২। এই প্রজ্ঞাপন ২৭শে জ্যৈষ্ঠ ১৪০০ বাং/১০ই জুন, ১৯৯০ ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

এস, আর, ও, নং ১২৯-আইন/৯৩/৭৮-মুসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯০ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ১০৩-আইন/৯৩/৬৭-মুসক এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

(ক) প্রস্তাবনার নীচে “টেবিল” শব্দটি সন্নিবেশিত হইবে;

(খ) কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ২১'০১ এবং উহার বিপরীতে উল্লিখিত (২) ও (৩) এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

“২২'০২ ২২০২'১০'০০ হালকা পানীয়”।

(গ) কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ৮৭*১১ এবং উহার বিপরীতে উল্লিখিত কলাম (২) ও (৩) এর এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাং মোতাবেক ১০ই জুন, ১৯৯৩ ইং তারিখ কার্যকর বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ আব্দুর আলি খান

সচিব।